

🗏 আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫:২৩

💵 আরবি মূল আয়াত:

قَالَ رَجُلْنِ مِنَ الَّذِينَ يَخَافُونَ اَنعَمَ اللهُ عَلَيهِمَا ادخُلُوا عَلَيهِمُ البَابَ فَإِذَا دَخُلُوا مِنَ الَّذِينَ عَلِبُونَ وَ عَلَى اللهِ فَتَوَكَّلُوا إِن كُنتُم مُّؤمِنِينَ فَإِذَا دَخَلتُمُوهُ فَإِنَّكُم غَلِبُونَ وَ عَلَى اللهِ فَتَوَكَّلُوا إِن كُنتُم مُّؤمِنِينَ ﴿ ٢٣﴾

যারা ভয় করে, তাদের মধ্য থেকে এমন দু'ব্যক্তি বলল, 'যাদের উপর আল্লাহ নিআমত দিয়েছেন, 'তোমরা তাদের নিকট দরজা দিয়ে প্রবেশ কর। যখন সেখানে প্রবেশ করবে, তখন নিশ্চয় জয়ী হবে। আর আল্লাহর উপরই তাওয়াক্কুল কর, যদি তোমরা মুমিন হও'। — আল-বায়ান

যারা (আল্লাহকে) ভয় করছিল তাদের মধ্যে দু'জন লোক যাদেরকে আল্লাহ অনুগ্রহ করেছিলেন বলল, তাদের দরজায় হানা দাও, ঢুকলেই তোমরা জয়ী হয়ে যাবে। তোমরা মু'মিন হলে আল্লাহর উপর ভরসা কর। — তাইসিরুল সেই দুই ব্যক্তি (যারা আল্লাহকে ভয়কারীদের অন্তর্ভুক্ত ছিল এবং যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছিলেন) বললঃ তোমরা তাদের উপর আক্রমণ চালিয়ে (নগরের) দ্বারদেশ পর্যন্ত যাও, অনন্তর যখনই তোমরা দ্বারদেশে পা রাখবে তখনই জয় লাভ করবে; এবং তোমরা আল্লাহর উপরই নির্ভর কর, যদি তোমরা মু'মিন হও। — মুজিবুর রহমান

Said two men from those who feared [to disobey] upon whom Allah had bestowed favor, "Enter upon them through the gate, for when you have entered it, you will be predominant. And upon Allah rely, if you should be believers." — Sahih International

২৩. যারা ভয় করত তাদের মধ্যে দুজন, যাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করেছিলেন, তারা বলল, তোমরা তাদের মুকাবেলা করে দরজায় প্রবেশ কর, প্রবেশ করলেই তোমরা জয়ী হবে এবং আল্লাহ্র উপরই তোমরা নির্ভর কর যদি তোমরা মুমিন হও।

তাফসীরে জাকারিয়া

(২৩) তাদের মধ্যে দু'জন যারা (আল্লাহকে) ভয় করত, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছিলেন, তারা



বলল, 'তোমরা নগরদারে প্রবেশ করে তাদের মুকাবেলা কর, সেখানে প্রবেশ করলেই তোমরা জয়ী হবে। আর তোমরা বিশ্বাসী হলে আল্লাহর উপরই নির্ভর কর।'[1]

[1] মূসা (আঃ)-এর জাতির মধ্যে কেবল এই দুই ব্যক্তি প্রকৃত ঈমানদার ছিলেন, যাঁদের আল্লাহর শক্তি ও সাহায্যের প্রতি দৃঢ় প্রত্যয় ছিল। তাঁরা জাতিকে বুঝাতে লাগলেন যে, তোমরা সাহস তো কর। তারপর দেখ, কেমন করে আল্লাহ তোমাদেরকে (ঐ শক্রদের উপর) বিজয় দান করেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=692

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন